



## আদেশনামা

<https://brahmanbaria.judiciary.gov.bd>

মোকাম :- জেলা ও দায়রা জজ আদালত, ব্রাহ্মণবাড়িয়া।

উপস্থিত :- জনাব মোঃ শহিদুল ইসলাম, দায়রা জজ, ব্রাহ্মণবাড়িয়া।

ফৌজদারী আপিল মামলা নং-৯৯০/২০২৫

সূত্র :- সি.আর ৩১/২০২৩(কসবা), ধারা-২০১৮ ইং সনের যৌতুক নিরোধ আইনের ০৩ ধারা।

মোঃ চিশতিয়া আসামী/আপিলকারী ..... বনাম ..... স্বর্ণা আক্তার বাদী/রেসপনডেন্ট

আদেশ নং ০৪

তারিখঃ ০২/০৯/২০২৫

অদ্য মামলাটি আপিলকারীর উপস্থিতিতে জামিন বাতিলের দরখাস্ত শুনানীর জন্য ধার্য আছে। বাদী রেসপনডেন্টপক্ষ দরখাস্ত দাখিল করে আসামী/আপিলকারীর দেশ ত্যাগের নিষেধাজ্ঞার আদেশ প্রার্থনা করেন। আপিলকারীপক্ষ কোন পদক্ষেপ গ্রহণ করে নাই। নথি শুনানীর জন্য পেশ করা হইল।

উভয় পক্ষের বিজ্ঞ কৌসুলীগণের বক্তব্য শুনলাম। জামিন বাতিলের দরখাস্ত, আসামীর বিদেশ গমনে নিষেধাজ্ঞার প্রার্থনা সম্বলিত দরখাস্তসহ নথি পর্যালোচনা করলাম।

নথি পর্যালোচনায় দেখা যায় যে, সাজাপ্রাপ্ত আসামী আপীল্যান্ট আপোষের শর্তে জামিনে গিয়েছে। বাদী-রেসপনডেন্ট পক্ষে দরখাস্ত দাখিলক্রমে নিবেদন করা হয় যে, আসামী আপীল্যান্ট আপোষের বিষয়টি প্রক্রিয়াবীন রেখে গোপনে দেশ ত্যাগের পায়তারা করছে। বাদী-রেসপনডেন্ট পক্ষে আসামী আপীল্যান্ট এর বিমানের টিকেটের একটি ফটোকপি দাখিল করেছেন। তৎপ্রেক্ষিতে আসামীর জামিনের বিষয়টি হুগিত করে আপীল্যান্ট আসামীকে উক্ত বিষয়ে আদালতে হাজির হয়ে ব্যাখ্যা প্রদান করতে নির্দেশ প্রদান করা হয়। আসামী আপীল্যান্ট আদেশ অমান্য করে পলাতক থাকে। এমতাবস্থায় সাজাপ্রাপ্ত আসামী আপীল্যান্ট জামিনের শর্তের অপব্যবহার করেছে বিধায় সাজাপ্রাপ্ত আসামী আপীল্যান্ট মোঃ চিশতিয়ার জামিন বাতিল করা হলো। তার বিরুদ্ধে শ্রেণ্ডারী পরোয়ানা ইস্যু করা হোক। সাজাপ্রাপ্ত আসামী যেহেতু ইতোমধ্যে দেশ ত্যাগের প্রক্রিয়ায় আগামী ০৪/০৯/২০২৫ ইং তারিখ Dhaka- Singapore, Flight Number-BS-307 অনলাইন টিকেট কেটেছে, সেহেতু সাজাপ্রাপ্ত আসামী ফলে আপিলকারী-আসামী মোঃ চিশতিয়া, পিতা হুমায়ুন কবির-পাসপোর্ট নম্বর-EK0677053 সাং-জগন্নাথপুর, পোঃ মন্দভাগ বাজার, থানা-কসবা, জেলা-ব্রাহ্মণবাড়িয়া যাহাতে দেশ ত্যাগ না করতে পারে তাহার ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের কপি সংশ্লিষ্ট ইমিগ্রেশন কর্তৃপক্ষকে প্রেরণ করা হোক।

আমার কথিতমতে লিখিত ও সংশোধিত

স্বাক্ষরিত/-

দায়রা জজ, ব্রাহ্মণবাড়িয়া।


স্বাক্ষর নং- ৬৫৪০(২)/২,

তারিখ-০২/০৯/২০২৫খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

০১। বিশেষ পুলিশ সুপার, ইমিগ্রেশন প্রশাসন, স্পেশাল ব্রাঞ্চ ঢাকা।

১০২। অফিস কপি।



(মোঃ শরীফ হোসেন)

দায়রা সহকারী

দায়রা জজ আদালত, ব্রাহ্মণবাড়িয়া।

মোবাইল-০১৭৫২৮৫৯৮৪২

০২.৯.২৫



(প্রশাসনিক কর্মকর্তা)

দায়রা জজ আদালত

ব্রাহ্মণবাড়িয়া।